

ইসলাম প্রতিদিন

হোম

বেসিক ইসলাম

ইতিহাস

বিধান

জীবনী

ফিচার

গবেষণা

সাক্ষাৎকার

সংবাদ

প্রশ্ন-উত্তর

নবীজি (সা.)

ছবি

ভিডিও

জাতীয় • সংবাদ

করোনা সঙ্কটে লক্ষাধিক অসহায় মানুষের পাশে বাসমাহ



লিখেছেন তামীম হুসাইন শাওন

শতাব্দির সবচেয়ে কঠিন ও বড় আঘাত করোনা দুর্যোগে বাসমাহ ইউএসএয়ের (Bangladeshi American society of Muslim aid for humanity) অর্থায়নে বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশের তত্ত্বাবধানে দেশ-বিদেশের শতাধিক স্থানের লক্ষাধিক মানুষকে বিনামূল্যে নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও হেলথ ইকুইপমেন্ট প্রদান করা হয়েছে।

রাজধানী ঢাকার বেশ কিছু গুরুত্বপূর্ণ স্থান এবং সিরাজগঞ্জ, লালমনিরহাট, ময়মনসিংহ, চুয়াডাঙ্গা, নওগাঁ, যশোর, চাঁদপুর, শরীয়তপুর, সিলেট, রংপুর, নারায়ণগঞ্জ, চুয়াডাঙ্গা, বি-বাড়িয়া, কক্সবাজার, কুষ্টিয়া, টেকনাফ, গোলাপগঞ্জ, পিরোজপুর ও সোনারগাঁও থানার ১১টি ইউনিয়নসহ সারা বাংলাদেশের মোট ৫৩টি স্থানে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। ফুড প্যাকেজে চাল, ডাল, সয়াবিন তেল, আলু, পেঁয়াজ, চিনি, আটা, লবন, সাবানসহ নিত্য প্রয়োজনীয় খাবার দেওয়া হয়। এছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামালের মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রণালয়েসহ ঢাকা এবং সারা দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে করোনাভাইরাস থেকে স্বাস্থ্যসুরক্ষার উপকরণ হিসেবে হাজার হাজার পিপিই, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, গ্লাভস, সাবান, হেড-কভার, গাউন এবং গগলস বিতরণ করা হয়েছে। হসপাতাল ও নিরাপত্তাকর্মীদেরসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে এ ধরনের আরো হেলথ ইকুইপমেন্ট বিনামূল্যে বিতরণের প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে।



স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালে কাছে হেলথ ইকুইপমেন্ট হস্তান্তর করছেন বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশের চেয়ারম্যান প্রফেসর মীর দেলওয়ার হোসাইন।

শুধু বাংলাদেশে নয়; আমেরিকার বিভিন্ন স্থানেও করোনাভাইরাসের আঘাতে বিপন্ন বহু মানুষের মাঝে বিনামূল্যে খাদ্য সামগ্রী ও হেলথ ইকুইপমেন্ট বিতরণ করেছে বাসমাহ। আমেরিকায় মিশিগান স্টেটে Michigan Muslim Community Council এর ব্যবস্থাপনায় এক হাজার রামাদ্বান ফুড প্যাকসহ নিউ ইয়র্কের সমস্যাগ্রস্তদের মাঝে খাদ্যসামগ্রীও বিতরণ করা হয়েছে। এছাড়া ফ্লোরিডা বিভিন্ন মসজিদে বিতরণ করা হয়েছে প্রয়োজনীয় হেলথ ইকুইপমেন্ট।